গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১২৩ তারিখ: ৫ বৈশাখ ১৪২৯
১৮ এপ্রিল ২০২২

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।**

**১। আবহাওয়ার সতর্কবার্তা:**

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**২। আজ ১৮ এপ্রিল ২০২২ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:**

দেশের অভ্যন্তরীণ সদীবন্দর সমূহের জন্য কোন সতর্ক বার্তা নেই এবং কোন সংকেত দেখাতে হবে না।

**৩। আজ ১৮ এপ্রিল ২০২২ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:**

**সিনপটিক**
**অবস্থাঃ** পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ হিমালয়ের পাদদেশীয় পশ্চিমবঙ্গ এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বা ভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে।

**পূর্বাভাসঃ** ময়মনসিংহ ও সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, রংপুর, ঢাকা ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গ ায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়ার সাথে প্রবল বিজলী চমকানোসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাক তে পারে।

**তাপপ্রবাহ:** রাজশাহী, পাবনা, দিনাজপুর ও যশোর অঞ্চল সমূহের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থা কতে পারে।

**তাপমাত্রাঃ** সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

**পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন):** বৃষ্টিপাতের প্রবণতা বৃদ্ধি পেতে পারে।

**গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):**

| বিভাগের নাম | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|---|---|---|---|---|---|---|---|---|
| সর্বোচ্চ তাপমাত্রা | ৩৫.৩ | ৩০.৮ | ৩৫.৫ | ৩৫.০ | ৩৭.৫ | ৩৬.০ | ৩৬.০ | ৩৩.৮ |
| সর্বনিম্ন তাপমাত্রা | ২৪.০ | ২১.৬ | ২৫.০ | ১৯.৩ | ২৬.০ | ২১.০ | ২৫.৮ | ২৬.২ |

**গতকাল দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজশাহী ৩৭.৫° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা সিলেট**

১৯.৩° সেঃ।

**(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)**

## ৪। এক নজরে হাওড় অঞ্চলের নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস:

- দেশের উত্তর-পূর্বাঞ্চলের সিলেট জেলার প্রধান নদ-নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে, অপরদিকে সুনামগঞ্জ, নেত্রকোনা ও হবিগঞ্জ জেলার প্রধান নদ-নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেলের তথ্য অনুযায়ী আগামী ৪৮-৭২ ঘন্টায় দেশের উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের আসাম, মেঘালয় ও অরুণাচল প্রদেশে মাঝারী থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।
- আগামী ২৪ ঘন্টায় সিলেট জেলার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস অব্যাহত থাকতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় সুনামগঞ্জ জেলার নদ-নদীসমূহের পানি সমতল ধীর গতিতে বৃদ্ধি পেতে পারে এবং কতিপয় পয়েন্টে বিপদসীমার কাছাকাছি অবস্থান করতে পারে।
- আগামী ২৪ ঘন্টায় নেত্রকোনা জেলার প্রধান নদ-নদীসমুহের পানি সমতল ধীর গতিতে বৃদ্ধি পেতে পারে এবং বন্যা পরিস্থিতির কিছুটা অবনতি হতে পারে।
- আগামী ৪৮-৭২ ঘন্টায় সিলেট, সুনামগঞ্জ ও নেত্রকোনা জেলার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল ভারী বৃষ্টিপাতের প্রেক্ষিতে সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।

**নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):**

| | | | |
|---|---|---|---|
| পর্যবেক্ষণাধীন পানি সমতল ষ্টেশন | ৩৯ | গেজ স্টেশন বন্ধ আছে | ০ |
| বৃদ্ধি | ১৪ | গেজ পাঠ পাওয়া যায়নি | ০ |
| হ্রাস | ২৩ | মোট তথ্য পাওয়া যায়নি | ০ |
| অপরিবর্তিত | **০২** | **বিপদসীমার উপরে** | ০২ |

বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ০৫ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ/১৮ এপ্রিল ২০২২ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

| পানি সমতল স্টেশন | নদীর নাম | আজকের পানি সমতল (মিটার) | বিগত ২৪ ঘন্টায় বৃদ্ধি(+)/হ্রাস(-) (সে.মি.) | বিপদসীমা (মিটার) | বিপদসীমার উপরে (সে.মি.) |
|---|---|---|---|---|---|
| গোয়াইনঘাট | সারিগোয়াইন | ৯.০৪ | -৮ | ৮.৬৫ | +৩৯ |
| খালিয়াজুরি | বাউলাই | ৪.৩৭ | +১২ | ৪.১৫ | +২২ |

**বৃষ্টিপাতের তথ্যঃ**

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| সিলেট | ৫৮.০ | লালাখাল | ৪৪.০ |

গত ২৪ ঘন্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|---|---|---|---|
| চেরাপুঞ্জি | ৬৫.০ | গ্যাংটক | ৬৩.০ |
| ধূব্রি | ৪৮.০ | তেজপুর | ৪২.০ |

**৫। অগ্নিকান্ডের তথ্যঃ**

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৬ এপ্রিল, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা থেকে ১৭ এপ্রিল, ২০২২ খ্রিঃ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত সারাদেশে মোট ২৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নরুপ:**

| ক্রঃ নং | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|---|---|---|---|---|
| ১। | ঢাকা | ৮ | ১ | ০ |
| ২। | ময়মনসিংহ | ২ | ০ | ০ |
| ৩। | বরিশাল | ০ | ০ | ০ |
| ৪। | সিলেট | ১ | ১ | ০ |
| ৫। | রাজশাহী | ১ | ০ | ০ |
| ৬। | রংপুর | ০ | ০ | ০ |
| ৭। | চট্টগ্রাম | ৮ | ০ | ০ |
| ৮। | খুলনা | ৩ | ০ | ০ |
| | **মোট** | **২৩** | **২** | **০** |

১৮-৪-২০২২
কামরুন নাহার
ভারপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১
ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬
ইমেইল:
controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১
এনডিআরসিসি অনুবিভাগ
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১২৩/১(১৭১)

তারিখ: ৫ বৈশাখ ১৪২৯
১৮ এপ্রিল ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
৪) সিনিয়র সচিব , প্রধানমন্ত্রীর কার্যালয়
৫) সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) মহাপরিচালক , দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৭) বিভাগীয় কমিশনার (সকল)
৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯) জেলা প্রশাসক (সকল)
১০) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
১১) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
১২) জেলা ত্রাণ ও পুর্নবাসন কর্মকর্তা, সকল
১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

১৮-৪-২০২২

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা